

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১৪/০৮/২০১৯ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ জাতীয় জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সেমিনার আয়োজন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ১৫ আগস্ট ২০১৯, বৃহস্পতিবার বিকাল ৫.০০ টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে এক সেমিনারের আয়োজন করা হয়েছে। ‘ভয়াবহ আগস্ট’ শিরোনামে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন সাংবাদিক **জনাব প্রণব সাহা**। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব **ড. মো. আবু হেনা মোস্তফা কামাল**, এনডিসি। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট সাংবাদিক **জনাব মনজুরুল আহসান বুলবুল** এবং বিশিষ্ট শিক্ষাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য **অধ্যাপক আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক**। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক **জনাব মো. রিয়াজ আহম্মদ**।

সেমিনারের সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা